

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াহিদুল হোসেন মানিক মিয়া

জাবিতে চার দিনব্যাপী মুক্তিসংগ্রাম সাংস্কৃতিক উৎসব আজ শুরু



২৫ মার্চ, ২০১৮ ইং ০০:০০ মিঃ

■ জাবি সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় টিএসসির আয়োজনে আজ শুরু হচ্ছে চার দিনব্যাপী মুক্তিসংগ্রাম সাংস্কৃতিক উৎসব। সকাল ১০টায় চিত্রশিল্পী ও মুক্তিযোদ্ধা শাহাবুদ্দিন আহমেদ উৎসবের উদ্বোধন করবেন। প্রধান অতিথি থাকবেন সেক্টর কমান্ডার ও সাবেক মন্ত্রী মেজর (অব.) রফিকুল ইসলাম, বীরউত্তম। গতকাল ক্যাফেটেরিয়ায় শিক্ষক লাউঞ্জে আয়োজিত সংবাদ সম্মেলনে আয়োজনের বিভিন্ন দিক তুলে ধরেন উৎসবের আহ্বায়ক অধ্যাপক বশির আহমেদ। থাকছে মুক্তিযুদ্ধের চিত্রকর্ম ও স্মারক প্রদর্শনীর উদ্বোধন, আলোচনা সভা, মুক্তিযুদ্ধে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য সম্মাননা-স্মারক প্রদান, মঞ্চ নাটক, সর্ববৃহৎ আল্পনা অংকন, জাগরণের গান ও আবৃত্তি, শিক্ষার্থীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানমালা, আর্ট ক্যাম্প, মুক্তিযুদ্ধের স্মারক প্রদর্শনী।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত